

৭। বোর্ড গঠন।—(১) এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা:—

- (ক) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;
- (খ) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা;
- (গ) মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- (ঘ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (চ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ছ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (জ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঝ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঞ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ট) পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঠ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ড) তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ঢ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ণ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (ত) জননিরাপত্তা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (থ) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট;
- (দ) প্রধান নির্বাহী, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ;
- (ধ) পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান;
- (ন) পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্সেস ও হাসপাতাল;
- (প) প্রতিবন্ধী ব্যক্তির সেবা ও সুরক্ষায় কর্মরত রেজিস্ট্রিকৃত বেসরকারি সংস্থা, প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা প্রতিবন্ধী ব্যক্তি কর্তৃক পরিচালিত সংগঠন হইতে সরকার কর্তৃক মনোনীত ৩ (তিন) জন প্রতিনিধি যাহাদের মধ্যে অন্যান্য একজন মহিলা হইবেন; এবং
- (ফ) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।